বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.sparrso.gov.bd

নম্বর: ২৩.০৪.০০০০.০০৮.৩৩.০১২.১৬.৪৯০ তারিখ: ৪/৬/২০২০ খ্রিস্টাব্দ

পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-এর নিম্নবর্ণিত শূন্যপদসমূহ পূরণের জন্য বাংলাদেশের যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার বেতন: জাতীয় বেতনস্কেল, ২০১৫ টাকা ৫০০০০-৭১২০০ (৪র্থ গ্রেড)	৪ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মহাকাশ বিজ্ঞান বা রিমোট সেন্সিং বা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ সরকারি, স্বায়ত্তশাসিত বা অন্য কোন সংবিধিবদ্ধ সংস্থায় প্রথম শ্রেণীর চাকুরীতে ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা।

নিম্নবর্ণিত শর্তসমূহ আবেদনপত্র জমাদান এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রকাশিত নির্ধারিত ফরমে বর্ণিত তথ্যাদি পূরণ পূর্বক স্বহস্তে স্বাক্ষর করে চেয়ারম্যান, স্পারসো বরাবর আবেদন করতে হবে। ফরমটি https://www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin-2015-01 ওয়েবলিংক এবং স্পারসোর www.sparrso.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।

২। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি মাপের খাম ১০ টাকা মূল্যের ডাক টিকিট সংযুক্ত করে দাখিল করতে হবে।

৩। আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদান শুরু এবং শেষ হওয়ার তারিখ ও সময়:

(ক) আবেদনপত্র জমাদান শুরুর তারিখ ও সময়: ৯/৬/২০২০ খ্রি: তারিখ সকাল ৯:০০ টা

(খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/৬/২০২০ খ্রি: তারিখ বিকাল ৫:০০ টা।

নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহন করা হবে না।

(গ) পরীক্ষার ফি বাবদ চেয়ারম্যান, স্পারসো-র অনুকূলে ৫০০ (পাঁচ শত) টাকার (অফেরতযোগ্য) পেমেন্ট অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৪। **বয়সসীমা: ২২/৩/২০২০ খ্রি: তারিখে সর্বোচ্চ বয়স** ৪৩ বছর তবে অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৫০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৫। **জাতীয়তা :**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

(ক) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি।

(খ) শিক্ষাগত ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(গ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি সত্যায়িত রঙিন ছবি।

ফোন: ৮৮০২৯১০১৭৪১; ফ্যাক্স: ৮৮০২৯১২২৪৭০; E-mail: admin@sparrso.gov.bd

৮। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের বর্তমান ঠিকানায় লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী স্পারসোর ওয়েবসাইটে www.sparrso.gov.bd প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

(ক) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি দাখিল করতে হবে।

(খ) শিক্ষাগত ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদ পত্র মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

১০। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর ২ (দুই) বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১১। আবেদনপত্রে নাম ও জন্ম তারিখে ত্রুটি থাকলে, প্রার্থীর স্বাক্ষর না থাকলে এবং অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে প্রার্থিতা বাতিল হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

১৫। পূর্বে গৃহীত আবেদনপত্র Valid থাকবে।

১৬। ডিক্লারেশন:

প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সম্পূর্ণ সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪/৬/২০২০

(মোঃ ইমতিয়াজ হোসেন)
সচিব (উপসচিব), স্পারসো।
ফোনঃ ৯১৪১৬০১
ইমেইল: admin@sparrso.gov.bd

চাকুরীর আবেদন ফরম

সে.মি. ৫X৫ ছবি (সাম্প্রতিক তোলা ২ কপি)

বরাবর

....
....
....

১.	পদের নাম:										
২.	বিজ্ঞপ্তি নম্বর:		তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

৩.	প্রার্থীর নাম:	বাংলায়:
		ইংরেজিতে (বড় অক্ষরে):

৪.	জাতীয় পরিচয়পত্র নম্বর:																				(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর:																				
৫.	জন্ম তারিখ:								৬। জন্মস্থান: জেলা :												

৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস	দিন
৮.	মাতার নাম :			
৯.	পিতার নাম :			

১০.	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
	বাসা ও সড়ক (নাম/ নম্বর):		
	গ্রাম/পাড়া/মহলা:		
	ইউনিয়/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোষ্ট কোড নম্বর:		
	উপজেলা:		
	জেলা:		

১১.	যোগাযোগ	মোবাইল/টেলিফোন নম্বর	ই-মেইল (যদি থাকে)

১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:

১৬.	শিক্ষাগত যোগ্যতা:					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) :
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

১৯.	কোটা (টিক দিন)	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা	এতিম/শারিরীক প্রতিবন্ধী	
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন)

২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:		তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র
	ব্যাংকের শাখান নাম:										

২১.	বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন)	হাঁ	না	প্রযোজ্য নয়

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকবো।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র

প্রার্থীর স্বাক্ষর